# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## কৃষিশিক্ষা ২য় পত্র (সৃজনশীল) **বিষয় কোড : ২৪০**

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

**[দ্রষ্টব্য : ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমানজ্ঞাপক। যেকোনো ৫ টি প্রশ্নের উত্তর দাও।]**

**১.▶** সাদেকুল ইসলাম তার ছোট আকৃতির জলাশয়ে থাই সরপুঁটি এবং একই আকৃতির জলাশয়ে মমদেল হোসেন জিয়ল কৈ নামে পরিচিত একটি মাছ চাষ করেন। উভয়েই মাছ চাষের ক্ষেত্রে জলজ আগাছা নিয়ন্ত্রণ, রাক্ষুসে মাছ দমন, চুন ও সম্পূরক খাদ্য প্রয়োগের মতো বিষয়গুলি যথাযথভাবে অনুসরণ করেন।


ক. "GIFT" -এর পূর্ণরূপ লিখো। ১

খ. মুখের থুতনি ও পাখনা দেখে কিভাবে পুরুষ ও স্ত্রী নাইলোটিকা মাছ পৃথক করা যায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত মাছ দুটির বৈশিষ্ট্যগত পার্থক্য ব্যাখ্যা করো। ৩

ঘ. লাভজনকভাবে মাছ চাষে সাদেকুল ইসলাম ও মমদেল হোসেনের অনুসরণকৃত বিষয়সমূহের মূল্যায়ন করো। ৪

**২.▶**



চিত্র ১



চিত্র ২

ক. "ক্যানিং" পদ্ধতির আবিষ্কারকের নাম কি? ১

https://teachingbd24.com

খ. কোন কোন বাহ্যিক বৈশিষ্ট্য দেখে ফরমালিনযুক্ত মাছ সহজে চেনা যায়? ২

গ. চিত্র-১ এর পদ্ধতির আলোকে মাছ প্রক্রিয়াজাতকরণের ধাপসমূহ ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে মাছ প্রক্রিয়াজাতকরণের চিত্র-২ এর পদ্ধতিটির উপযোগিতা বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ মালতিপুর গ্রামের জয়নাল আবেদীন ৫০ টি একই জাতের মুরগি বাড়িতে পালনের উদ্দেশ্যে ক্রয় যাদের উৎপত্তিস্থল মিশরে এবং বাংলাদেশের আবহাওয়ায় পালন উপযোগী। মুরগিগুলো পালনের জন্য সে একটি ঘর তৈরি করে এবং সেই ঘরসহ সম্মুখভাগের কিছু খোলা জায়গা সামান্য উঁচু বেড়া দিয়ে ঘেরার ব্যবস্থা করে।

ক. "আর আই আর" জাতের মুরগির উৎপত্তিস্থল কোথায়? ১

খ. লিটার ও ডিপ লিটার পদ্ধতি বলতে কি বোঝায়? ২

গ. জয়নাল আবেদীনের ক্রয়কৃত মুরগিগুলো কোন জাতের? তাদের বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩

ঘ. "বাংলাদেশের গ্রামাঞ্চলের জন্য জয়নাল আবেদীনের অনুসরণকৃত মুরগিপালন পদ্ধতিটি অধিক গ্রহণযোগ্য" এর স্বপক্ষে তোমার মতামত উপস্থাপন করো। ৪

**৪.** ▶ আক্কাছ আলী তার শহরের বাড়ির ছাদে কবুতর পালনের সিদ্ধান্ত নেয়। এজন্য সে বাড়ির ছাদে ১০ ফুট উঁচু খুটির উপর তিনতলা বিশিষ্ট কবুতরের বাসস্থান তৈরি শুরু করে। পশুপালন কর্মকর্তা তাকে বাসস্থানের পাশাপাশি খাদ্য ও পানি সরবরাহের বিষয় দুটির প্রতিও লক্ষ্য রাখতে বলেন।

ক. দেশি হাঁসের অপর নাম কী? ১

খ. হাঁস পালনের "লেনটিং" পদ্ধতি সম্পর্কে ধারণা দাও। ২

https://teachingbd24.com

গ. বর্ণিত পোল্ট্রির আদর্শ বাসস্থান তৈরিতে আক্কাছ আলীর কোন কোন বিষয়ের উপর লক্ষ্য রাখা উচিৎ? ব্যাখ্যা করো। ৩

ঘ. পোল্ট্রি পালনের ক্ষেত্রে আক্কাছ আলীর গৃহীত সিদ্ধান্তের মূল্যায়ন করো। ৪

৫.▶ বাংলাদেশের কৃষিখাতের আয়ের সিংহভাগই নির্ভর করে পশুসম্পদের উপর। এ পশুস্পদের উৎপাদন বৃদ্ধির জন্য পশু পালনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। কিন্তু নিম্নমানের পশু, চিকিৎসা ব্যবস্থার সীমাবদ্ধতা, বাণিজ্যিক খামারের স্বল্পতা, উন্নত প্রজনন ব্যবস্থার সীমাবদ্ধতাসহ নানাবিধ কারণে এদেশের পশুসম্পদের কাঙ্খিত উন্নয়ন ব্যাহত হচ্ছে।

ক. গবাদিপশুর দানাদার খাদ্যের টিডিএর এর শতকরা হার কত? ১

খ. "হে" এবং "সাইলেজ"-এর পার্থক্য লিখো। ২


গ. বাংলাদেশের পশু সম্পদ উন্নয়নের বর্তমান সমস্যা উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সমস্যাসমূহ দূর করে বাংলাদেশের পশুস্পদের উন্নয়ন সম্ভব কি? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶



চিত্রঃ ১



চিত্রঃ ২

Teachingbd24.com

ক. উৎপত্তি অনুসারে বন কত প্রকার? ১

খ. বৃক্ষের 'ট্রেনিং' ও 'প্রুনিং' বলতে কী বুঝায়? ২

গ. ১ নং চিত্রের বনটি কোন প্রকৃতির? বৈশিষ্ট্য উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৩

ঘ. ২ নং চিত্রের আলোকে সামাজিক বনায়নের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**৭.▶** কেশবপুর গ্রামের কৃষকগণ উদ্যানফসলের খামার গড়ে তোলে এবং তাদের এ খামারটি সমবায়ের ভিত্তিতে পরিচালিত হয়। খামারের খরচ পরিচালনার জন্য তারা "বিআরডিবি" থেকে ১৫ বছর মেয়াদি ঋণ গ্রহণ করে।

ক. "ফসল বিন্যাস নিবিড়তা" কাকে বলে? ১

খ. মালিকানার দিক থেকে বর্ণিত খামারটি কোন ধরনের তা বুঝিয়ে লিখো। ২

গ. কেশবপুর গ্রামের কৃষকগণের গৃহীত ঋণ কোন প্রকৃতির? ব্যাখ্যা করো। ৩

ঘ. কৃষি ঋণ প্রাপ্তির উৎস হিসেবে বর্ণিত প্রতিষ্ঠানটির ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**৮.▶** সালেহা বেগম মুরগির বাচ্চা ফোটানোর উদ্দেশ্যে তার গ্রামের প্রতিবেশীদের নিকট থেকে ২৫টি ডিম সংগ্রহ করে কুঁচে মুরগি দ্বারা তা দেয়ার ব্যবস্থা করে। ডিম ফোটার নির্দিষ্ট সময় অতিক্রান্ত হওয়ার পর দেখা গেল মাত্র ১২ টি ডিম ফুটে বাচ্চা বের হয়েছে।

ক. ইনকিউরেটর কি? ১

খ. কোয়েলকে "পশুশস্য" বলা হয় কেন? ২

গ. সালেহা বেগম কোন পদ্ধতি অনুসরণ করে মুরগির ডিম থেকে বাচ্চা ফুটিয়েছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. সরবরাহকৃত ডিমের চেয়ে বাচ্চার সংখ্যা অনেক কম হওয়ার সম্ভাব্য কারণসমূহ বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# কৃষিশিক্ষা ২য় পত্র

বিষয় কোড : ২৪০

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: সৈর্বাচিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **বাছুরের মাংসকে কী বলে?**

ক) মাটন　খ) বীফ

গ) ভীল　ঘ) চিকেন

২. **প্রজননের জন্য সংরক্ষিত প্রাপ্ত বয়স্ক ষাঁড়কে কী বলে?**

ক) বুলক　খ) স্টাড বুল

গ) বুলার　ঘ) বুল

৩. **বাছুরের নাভী কাটা জায়গায় লাগাতে হয়—**

ক) পটাশিয়াম পারম্যাঙ্গানেট

খ) আরগন মিশ্রন

গ) এক্রোফ্লাভিন

ঘ) টিংচার আয়োডিন

৪. **দুগ্ধবতী গাভি ৬ লিটার দুধ দিলে দানাদার খাদ্য দিতে হবে কত কেজি?**

ক) ২ কেজি

খ) ২.২৫ কেজি

গ) ২.৫০ কেজি

ঘ) ২.৭৫ কেজি

৫. **বাচ্চা প্রসবের ২-৩ দিন পূর্ব থেকে গাভিকে পর্যবেক্ষণ করতে হয়, কারণ —**

i. গর্ভফুল দ্রুত সরিয়ে ফেলা

ii. বাচ্চা নিরাপদে রাখা

iii. বাচ্চাকে বিশুদ্ধ পানি দ্বারা গোসল করানো

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii　খ) i ও iii

গ) ii ও iii　ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

আরিফ ভুট্টা সবুজ অবস্থায় সংরক্ষণ করে এক প্রকার ঘাস তৈরি করে। যে মৌসুমে সবুজ ঘাসের ঘাটতি দেখা দিবে তখন এ ঘাস খাওয়াতে পারবে।

৬. **সংরক্ষিত ঘাসটির নাম কী?**

ক) হে　খ) সাইলেজ

গ) কাঁচা ঘাস　ঘ) সংরক্ষিত ভুট্টা

৭. **উক্ত খাদ্য —**

i. হলুদ-সবুজ রঙের হবে

ii. পচা ঘাসের মতো দেখাবে

iii. কাঁচা ঘাসের অনুরূপ থাকবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii　খ) i ও iii

গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৮. **ছাগলের ক্ষতিকর রোগ কোনটি?**

ক) ক্ষুরা রোগ

খ) ছাগলের বসন্ত

গ) ছাগলের পিপিআর

ঘ) ছাগলের তড়কা রোগ

৯. **Lactometer কী?**

ক) দুগ্ধ মাপার যন্ত্র

খ) দুগ্ধের ঘনত্ব মাপার যন্ত্র

গ) আর্দ্রতা মাপার যন্ত্র

ঘ) তাপমাত্রা মাপার যন্ত্র

১০. **বাংলাদেশে কত সাল থেকে বৃক্ষ মেলা শুরু হয়?**

ক) ১৯৯২

খ) ১৯৯৩

গ) ১৯৯৪

ঘ) ১৯৯৫

১১. **নিচের কোনটি মানগ্রোভ বনের উদ্ভিদ?**

ক) শাল

খ) সেগুন

গ) গোলপাতা

ঘ) কড়ই

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:**

বাংলাদেশে ভেষজ উদ্ভিদগুলোর মধ্যে অন্যতম হচ্ছে আমলকী, বহেড়া এবং হরিতকি। এই উদ্ভিদগুলো থেকে বিভিন্ন প্রকার ঔষধ তৈরি করা হয়।

Teachingbd24.com

১২. উদ্দীপকে উল্লিখিত প্রথম উদ্ভিদটির বৈজ্ঞানিক নাম কি?
ক) Emblica officinalis
খ) Ociemum Sanctam
গ) Termanalia Chebula
ঘ) Centrella asiatica

১৩. উদ্দীপকের দ্বিতীয় উদ্ভিদটি ব্যবহৃত হয়—
i. হৃদরোগ নিরাময়ে
ii. চর্মরোগ নিরাময়ে
iii. পিত্তরোগ নিরাময়ে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৪. বাড়ির দক্ষিণে রোপণযোগ্য গাছ কোনটি?
ক) পেয়ারা　খ) বড়ই
গ) সেগুন　ঘ) নারিকেল

১৫. কোন সার মাটির সাথে মেশাতে হয় না —
ক) টিএসপি
খ) ইউরিয়া
গ) এমওপি
ঘ) নারিকেল

১৬. শস্য চাষ নিবিড়তা ২০০% বলতে সারা বছরে কয়টি ফসল চাষ বুঝায়?
ক) ২টি　খ) ৪টি
গ) ৫টি　ঘ) ৬টি

১৭.পেশার উপর ভিত্তি করে সমবায় সমিতি কত প্রকার?
ক) ৪　খ) ৫
গ) ৬　ঘ) ৭

১৮. উন্নত জাতের মরিচের জাত—
i. মেজর
ii. সিলিকাটি
iii. মুররা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৯. নিচের কোনটি খাটো দিবা দৈর্ঘ্যের ফসল?
ক) বাঁধাকপি　খ) ঝিঙা
গ) ফুলকপি　ঘ) পালং শাক

২০. রবি মৌসুমে —
i. বৃষ্টিপাত কম হয়
ii. আর্দ্রতা কম থাকে
iii. তাপমাত্রা বেশি হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২১. ঈশ্বরদী ৩৩ কোন ফসল—
ক) ধান　খ) আঁখ
গ) আলু　ঘ) গম

২২. সূর্যমুখী কোন মৌসুমে চাষাবাদ উপযোগি—
i. রবি মৌসুমী
ii. খরিপ-১
iii. খরিপ-২
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২৩. নানা জাতীয় ফসলের মূল কেমন হয়ে থাকে?
ক) অগভীর　খ) গভীর
গ) স্থানিক　ঘ) বায়বীয়

২৪. পাটের শিকড় গিঁট রোগে গিঁটের মধ্যে কী থাকে?
ক) পোকা
খ) কীড়া
গ) কৃমি
ঘ) উকুন

২৫. আউশ ধানের স্থানীয় জাত কোনটি?
ক) ময়না
খ) কটকতারা
গ) মোর্থনি
ঘ) শাইলজম

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ |
| | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | | |

Teachingbd24.com